গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.৯৯.০০০১.২৫.১১৬৪

তারিখ: ০৪ কার্তিক ১৪৩২ ব.
২০ অক্টোবর ২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ইস্যুকৃত শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে তাঁর প্রতিষ্ঠানে কর্মরত কোন শিক্ষকের নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই করার প্রয়োজন হলে নিম্নোক্ত ছক মোতাবেক তথ্য ও বর্ণিত কাগজপত্রাদিসহ স্বয়ংসম্পূর্ণ আবেদন এনটিআরসিএ কার্যালয়ে (বাহক/সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে) দাখিল করতে হবে।

প্রত্যয়নপত্র যাচাই আবেদনের জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

(ক) যে সকল প্রতিষ্ঠান তাঁদের প্রতিষ্ঠানে কর্মরত কোন নিবন্ধনধারী শিক্ষকের নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই করতে ইচ্ছুক তাঁরা সংশ্লিষ্ট নিবন্ধনধারী শিক্ষকের **(১) নিবন্ধন প্রত্যয়নপত্র, (২) নিয়োগপত্র ও (৩) যোগদানপত্র** প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত করে প্রতিষ্ঠান প্রধানের ফরোয়ার্ডিংসহ চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) বরাবর স্বয়ংসম্পূর্ণ আবেদন রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায় দাখিল করবেন।

(খ) ফরোয়ার্ডিং পত্রে উল্লেখিত প্রতিষ্ঠানের ইমেইল ঠিকানায় যাচাই প্রতিবেদন প্রেরণ করা হবে এবং এনটিআরসিএ-এর ওয়েবসাইট থেকেও যাচাই প্রতিবেদন ডাউনলোড ও প্রিন্ট করা যাবে। উল্লেখ্য, প্রত্যয়নপত্র যাচাই প্রতিবেদনসমূহ এনটিআরসিএ-এর ওয়েব সাইটের (www.ntrca.gov.bd) “প্রত্যয়নপত্র যাচাই সংক্রান্ত” সেবা বক্সে আপলোড ও সংরক্ষণ করা হয়।

(গ) প্রত্যয়নপত্র যাচাই এর জন্য কোন ফি প্রদানের প্রয়োজন নেই।

তথ্য ছক:

| ক্র: নং | নাম, পিতা ও মাতার নাম, মোবাইল এবং এনআইডি নম্বর | ইনডেক্স নম্বর, নিবন্ধন পরীক্ষার রোল, রেজি:, ব্যাচ নং, পদ এবং বিষয় | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | কর্মরত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ০১ | নাম:<br>পিতা:<br>মাতা:<br>মোবাইল নম্বর:<br>এনআইডি নম্বর: | ইনডেক্স নম্বর:<br>রোল নম্বর:<br>রেজি. নম্বর:<br>ব্যাচ নম্বর:<br>পদ:<br>বিষয়: | বাসা/হোল্ডিং নং<br>গ্রাম:<br>ডাকঘর:<br>উপজেলা:<br>থানা:<br>জেলা: | বাসা/হোল্ডিং নং<br>গ্রাম:<br>ডাকঘর:<br>উপজেলা:<br>থানা:<br>জেলা: | |

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

F Ahmed
20/10/2025
(ফিরোজ আহমেদ)
সহকারী পরিচালক (পমূপ্র-১)
ad_exam1@ntrca.gov.bd
☎: ০২-৫৫১৩৮৫০৮

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.৯৯.০০০১.২৫.১১৬৪/১(৯)

তারিখ: ০৪ কার্তিক ১৪৩২ ব.
২০ অক্টোবর ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।
৪. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৫. সচিব (উপসচিব), এনটিআরসিএ, ঢাকা।
৬. জেলা শিক্ষা অফিসার (সকল) (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার অনুরোধসহ)।
৭. সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৮. পি.এ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সংশ্লিষ্ট নথি।

(ফিরোজ আহমেদ)
সহকারী পরিচালক (পমূপ্র-১)
ad_exam1@ntrca.gov.bd
☎: ০২-৫৫১৩৮৫০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.৯৯.০০১.২০.৬০২

তারিখ: ১৯ বৈশাখ, ১৪৩০ ব.
০২ মে, ২০২৩ খ্রি.

# বিজ্ঞপ্তি

সূত্র : এ কার্যালয়ের স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০১.২০.৪৩৭, তারিখ: ২১.০৬.২০২১ খ্রি.।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের বিদ্যমান সেবাসমূহ সহজিকরণের অংশ হিসেবে নিবন্ধনধারী শিক্ষকগণের নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই এর আবেদন বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর স্মারক নং ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০১.২০.৪৩৭, তারিখ: ২১.০৬.২০২১ খ্রি. অনুযায়ী অনলাইনে গ্রহণ করা হয়। নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাইয়ের আবেদনসমূহের বিষয়ে অধিকতর নিশ্চিত হবার লক্ষ্যে এবং প্রত্যয়নপত্রসমূহ যথাযথভাবে যাচাইয়ের সুবিধার্থে অনলাইনের পাশাপাশি আবেদনসমূহের হার্ডকপি সরাসরি/বাহক মারফত অথবা ডাকযোগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

02.05.2023

(মোঃ আবদুর রহমান)
পরিচালক (উপসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.৯৯.০০১.২০.৬০২/১(৭)

তারিখ: ১৯ বৈশাখ, ১৪৩০ ব.
০২ মে, ২০২৩ খ্রি.

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৫. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৬. সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৭. পিএ টু চেয়ারম্যান, এনটিআরিসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ আবদুর রহমান)
পরিচালক (উপসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০১.২০.৪৩৭

তারিখ: ০৭ আষাঢ়, ১৪২৮ ব.
২১ জুন, ২০২১ খ্রি.

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের বিদ্যমান সেবাসমূহ সহজিকরণের অংশ হিসেবে নিবন্ধনধারী শিক্ষকগণের নিবন্ধন সনদ যাচাই এর আবেদন এখন থেকে অনলাইনে গ্রহণের এবং অনলাইনে যাচাই প্রতিবেদন প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অনলাইনে আবেদনের জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

(ক) যে সকল প্রতিষ্ঠান তাঁদের প্রতিষ্ঠানের কোন নিবন্ধনধারী শিক্ষকের নিবন্ধন সনদ যাচাই করতে ইচ্ছুক তাঁরা নিম্নবর্ণিত ইমেইল ঠিকানায় সংশ্লিষ্ট নিবন্ধনধারী শিক্ষকের **নিবন্ধন সনদ** ও **নিয়োগপত্র** প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত করে 300 dpi রেজুলেশনে স্ক্যান করে pdf ফরম্যাটে প্রতিষ্ঠান প্রধানের ফরোয়ার্ডিংসহ প্রেরণ করবেন।
ইমেইল ঠিকানা: office@ntrca.gov.bd

(খ) যে ইমেইল ঠিকানায় চাহিদা প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন সনদ যাচাই প্রতিবেদন পেতে ইচ্ছুক তা ফরোয়ার্ডিং পত্রে উল্লেখ করতে হবে।

(গ) এর জন্য কোন ফি প্রদানের প্রয়োজন নেই।

(ঘ) ফরোয়ার্ডিং পত্রে উল্লেখিত ইমেইল ঠিকানায় যাচাই প্রতিবেদন প্রেরণ করা হবে এবং এনটিআরসিএ'র ওয়েবসাইট থেকেও যাচাই প্রতিবেদন ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।
ওয়েবসাইট: www.ntrca.gov.bd

**এ আদেশ ১ জুলাই, ২০২১ খ্রি. তারিখ হতে কার্যকর হবে।**

২১/০৬/২০২১
(ফিরোজ আহমেদ)
সহকারী পরিচালক (পমূপ্র-১)
ad_exam1@ntrca.gov.bd
☎: ০২-৫৫১৩৮৫০৮